**Ex/CBCS/BNG/UG/CORE/3·3/2024**

# কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## সাম্মানিক বাংলা

## কোর্স : ইউজি ৩.৩

## বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*প্রশ্নগুলি সমান মানের।*

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

১. বাংলা তর্ক-বিতর্কমূলক গদ্যের দুজন লেখকের কথা উল্লেখ করো। তাঁদের এই বিষয়ক লেখাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। উনিশ শতকে এই ধরনের লেখা কেন গড়ে উঠল তার কারণ বিশ্লেষণ করো। ২+৪+৪=১০

**অথবা**

২. উনিশ শতকের নকশা জাতীয় গদ্যের জন্ম কেন হয়েছে তার কয়েকটি কারণ উল্লেখ করো। এই ধারার একজন লেখকের রচনাসমূহের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+৬=১০

৩. উনিশ শতকের বাংলা সাময়িক পত্রের বিকাশের সঙ্গে বাংলা সাহিত্যের সমৃদ্ধির সংযোগটি উদাহরণসহ আলোচনা করো। ১০

৪. উনিশ শতকে সখের থিয়েটার ও পেশাদারি রঙ্গমঞ্চের পার্থক্য আলোচনা করো। ১০





**অথবা**

৫. নাট্যনিয়ন্ত্রণ আইনের প্রেক্ষাপট ও গুরুত্ব আলোচনা প্রসঙ্গে বাংলা নাটকের চর্চা ও প্রসারে এই ঘটনার ভূমিকা উল্লেখ করো। ৮+২=১০

৬. বাংলা আধুনিক কাব্যের সূচনায় মাইকেল মধুসূদন দত্ত ও বিহারীলাল চক্রবর্তীর ভূমিকা সংক্ষেপে লেখ। ১০

৭. বঙ্গভঙ্গের পক্ষে ও বিপক্ষের সাহিত্যিক নিদর্শনগুলি সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা**

৮. কথাসাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যে রাঢ়বঙ্গের জীবন কীভাবে উঠে এসেছে আলোচনা করো। ১০

৯. টীকা লেখ ঃ ৫+৫=১০

প্রগতি লেখক সংঘ, ভারতীয় গণনাট্য সংঘ।

★ ★ ★